অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোচুল নতুন এলমন্ট স্টেশন খোলার ঘোষণা করেছেন

প্রায় 50 বছরের মধ্যে প্রথম নতুন LIRR স্টেশন

ইভেন্টের দিনে UBS এরিনায় পরিষেবা প্রদান করবে

পূর্বমুখী প্ল্যাটফর্ম প্রথমে খোলে; 2022 সালে পূর্বমুখী প্ল্যাটফর্ম খোলা হবে<

ছবি এখানে আছে

আজকের MTA সংবাদ সম্মেলনের ভিডিও দেখুন এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজ লং আইল্যান্ড রেল রোড এলমন্ট স্টেশনের কথা ঘোষণা করেছেন, প্রায় 50 বছরের মধ্যে প্রথম নতুন LIRR স্টেশন, যা 20 নভেম্বর শনিবার পরিষেবার জন্য খোলা হবে৷ পরিষেবার শুরু UBS এরিনায় নিউ ইয়র্ক আইল্যান্ডারদের প্রথম হোম গেমের সাথে একই সময়ে হবে। এলমন্ট স্টেশন প্রাথমিকভাবে নিউ ইয়র্ক আইল্যান্ডারসদের নতুন বাড়ি, UBS এরিনা, থেকে পূর্বমুখী পরিষেবা প্রদান করবে এবং সেই সাথে কাছাকাছি বেলমন্ট পার্কে পূর্বমুখী পরিষেবা প্রদান করবে, যা তার নিজস্ব নিবেদিত স্টেশন বজায় রেখেছে।

"আর বড় এবং উন্নত পরিবহণ পরিকাঠামো নির্মাণ করা হল সেরা উপায় দেখানোর জন্য যে নিউ ইয়র্ক আবার তার পূর্ব মহিমায় ফিরে এসেছে," **গভর্নর হোচুল বলেন।** "আইল্যান্ডারদের মরশুম খোলার ঠিক সময় মত, 50 বছরের মধ্যে প্রথম নতুন LIRR স্টেশনের জন্য পরিষেবা শুরু করা, হল এমন একটি প্রকল্প যা আমার প্রশাসন চালিয়ে যাবে যখন আমরা লং আইল্যান্ডকে আরও অ্যাক্সেসযোগ্য করে তুলতে এবং লং আইল্যান্ডবাসীদের সেই মানসম্পন্ন গণপরিবহন প্রদান করার চেষ্টা করব যা তাদের প্রাপ্য।"

"নতুন এলমন্ট স্টেশনটি আমাদের পুনঃনির্মাণ করার এবং এগিয়ে যাওয়ার ক্ষমতায় নিউ ইয়র্কের স্থিতিস্থাপকতার একটি প্রমাণ যেখানে কোভিড-19 মহামারী আমাদের পিছিয়ে দিয়েছে সেখান থেকে।" **লেফটেন্যান্ট গভর্নর বেঞ্জামিন বলেন।** "এই প্রকল্পের সমাপ্তি লং আইল্যান্ডের জন্য একটি বিজয় এবং যা গণ পরিবহন বিনিয়োগের একটি উত্তেজনাপূর্ণ ভবিষ্যত হবে তার কেবল শুরু।"

পশ্চিমগামী প্ল্যাটফর্ম খুললে পরের গ্রীষ্মে স্টেশনের পরিষেবা বাড়বে। সেই সময়ে, স্টেশনটি স্থানীয় সম্প্রদায়ের জন্য পূর্ণ-সময়ের সারা বছরের পরিষেবা শুরু করবে এবং UBS এরিনা এবং বেলমন্ট পার্কের ইভেন্টগুলিতে পশ্চিমগামী যাতায়াতের পরিষেবা প্রদান করা শুরু করবে। হেম্পস্টেড, অয়েস্টার বে, পোর্ট জেফারসন এবং রনকনকোমা শাখায় বেলমন্টের পূর্বে বসবাসকারী লং আইল্যান্ডবাসীরা প্রথমবারের মতো ইভেন্টে সরাসরি একটি আসনের রাইড পাবেন। এটি ভ্রমণের সময় কমিয়ে দেবে এবং লং আইল্যান্ডে যানজট কমাতে সাহায্য করে গণ পরিবহন ব্যবহার করে এমন ইভেন্টে অংশগ্রহণকারীদের সংখ্যা বৃদ্ধি করবে বলে আশা করা হচ্ছে।

উভয় প্ল্যাটফর্ম সম্পূর্ণ হলে, নতুন স্টেশনে অন্তর্ভুক্ত হবে ক্যানোপি সহ দুটি 12-কার-দীর্ঘ উচ্চ-স্তরের প্ল্যাটফর্ম, আমেরিকানস উইথ ডিজেবিলীটিজ আইনের সাথে সঙ্গতিপূর্ণ লিফট, একটি পথচারীদের ওভারপাস, USB চার্জিং স্টেশন, হেল্প পয়েন্ট, নিরাপত্তা ক্যামেরা, ট্রেনের আগমনের তথ্য সহ ডিজিটাল চিহ্ন, ওয়াই-ফাই এবং শীতকালীন ঝড়ের সময় তুষার ও বরফ মুক্ত থাকা নিশ্চিত করতে প্লাটফর্মের কংক্রিটে এমবেড করা একটি অত্যাধুনিক তুষার গলানোর ব্যবস্থা।

MTA এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান এবং সিইও জানো লিবার বলেছেন, "নিউ ইয়র্ক তার প্রত্যাবর্তন চালিয়ে যাচ্ছে, তার সাথে, এই সুন্দর, আধুনিক নতুন স্টেশনটি আমাদের গ্রাহকদের অত্যাধুনিক UBS এরিনায় যাওয়ার দ্রুততম, নিরাপদ এবং সবুজতম উপায় প্রদান করবে। এই স্টেশনটি এমন সুযোগ-সুবিধা প্রদান করে যা গ্রাহকদের নিউ ইয়র্ক আইল্যান্ডারসদের খেলা, কনসার্ট এবং এখানে ঘটবে এমন সব চমত্কার ইভেন্ট উপভোগ করার ক্ষমতা দেয়, যা তাদেরকে গণ পরিবহনে ফিরে যেতে আরও উৎসাহিত করে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত সিইও হোপ নাইট বলেন, "আধুনিক, নির্ভরযোগ্য পরিবহন হল নিউ ইয়র্কের ভবিষ্যৎ অর্থনৈতিক প্রবৃদ্ধির মূল চালিকাশক্তি। কর্মস্থলে যাতায়াত থেকে এলাকাটি ঘুরে দেখা থেকে বেলমন্ট পার্কের UBS এরিনায় একটি ইভেন্টে যোগদান করা পর্যন্ত নতুন এলমন্ট LIRR স্টেশনটি নিউ ইয়র্কবাসীদের যাতায়াত নিরাপদ এবং দ্রুত নিশ্চিত করার জন্য অনেকখানি সহায়তা করবে।"

LIRR এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অফ অপারেশনস রব ফ্রি বলেছেন, "একদম নতুন এলমন্ট স্টেশন মানুষদের তাদের গাড়ি থেকে বার করে আমাদের ট্রেনে নিয়ে যাওয়ার জন্য গণ পরিবহনের উন্নতি এবং সম্প্রসারণ করার জন্য LIRR-এর অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে, আগামী প্রজন্মের জন্য একটি নিরাপদ, সবুজ লং আইল্যান্ড তৈরি করে। প্রায় অর্ধ শতাব্দীর মধ্যে প্রথম নতুন LIRR স্টেশন চিহ্নিত করে, আমরা এখন আইল্যান্ডবাসী এবং কনসার্ট অনুরাগীদের জন্য অবিশ্বাস্য নতুন UBS এরিনায় ট্রেন পরিষেবা দিতে পেরে রোমাঞ্চিত, সেই সাথে ভবিষ্যতে অন্যান্য আকর্ষণ যেমন শো, কেনাকাটা এবং খাবারের জন্যও।"

MTA বোর্ডের সদস্য এবং লং আইল্যান্ড রেল রোড কমিউটার কাউন্সিলের চেয়ারম্যান জেরার্ড ব্রিংম্যান বলেছেন, "চার দশকেরও বেশি সময়ে LIRR এ প্রথম নতুন স্টেশন সংযোজনকে স্বাগত জানাতে পেরে আমরা আনন্দিত। এলমন্ট স্টেশন শুধুমাত্র নিউ ইয়র্ক মেট্রোপলিটন এলাকার নতুন ক্রীড়া স্থান এবং বিনোদন গন্তব্যে যাওয়ার সর্বোত্তম উপায় হিসেবে

কাজ করবে না, এলমন্টের জনগণের জন্য একটি অত্যন্ত প্রয়োজনীয় নিয়মিত যাতায়াত স্টেশনও প্রদান করবে। এটি শুধুমাত্র এলাকার বাসিন্দাদের এবং ক্রীড়া অনুরাগীদের জন্য একটি দুর্দান্ত খবর নয়, এটি লং আইল্যান্ডের জন্য একটি অর্থনৈতিক উন্নতি যখন আমাদের এটি সব চেয়ে বেশি প্রয়োজন।"

রাজ্য সিনেটর টড কামিনস্কি বলেছেন, "এলমন্ট LIRR স্টেশন, যা 45 বছরের মধ্যে প্রথম নতুন স্টেশন, স্থানীয় বাসিন্দা এবং ভক্ত উভয়ের জন্যই একটি বিশাল জয়ের প্রতিনিধিত্ব করে, যাদের কাছে নতুন, সবুজ গণ পরিবহন বিকল্প থাকবে যা এলমন্টের খুব প্রয়োজন ছিল৷ সত্যিই, এটি ছাড়া এরিনা নির্মাণের কোন মানে হত না। এটি দেখায় যে আমরা লং আইল্যান্ডে বড় কিছু ভাবতে পারি এবং কাজগুলি করতে পারি।"

রাজ্য সিনেটর আনা এম. কাপলান বলেছেন, "নতুন এলমন্ট স্টেশনটি আমাদের সম্প্রদায়ে একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ যা আইল্যান্ডারের অনুরাগীদের ট্রেনে করে গেমে নিয়ে যাবে এবং অবশেষে এলাকার বাসিন্দাদের LIRR প্রধান লাইনে একটি পূর্ণ সময়ের থামার সুযোগ দেবে৷ সম্পূর্ণরূপে সম্পন্ন হলে, লং আইল্যান্ডে পরিকাঠামোতে বিনিয়োগ করলে আমরা যে দুর্দান্ত জিনিসগুলি সম্পাদন করতে পারি তার একটি উজ্জ্বল উদাহরণ হবে এই নতুন স্টেশনটি, এবং এটি সেই সমস্ত কর্মীদের জন্য একটি সাক্ষ্যপ্রমাণ হবে যারা মহামারীর মধ্যে এটি সম্পন্ন করার জন্য কাজে উপস্থিত হয়েছেন এটি সময় মত এবং বাজেটের ভিতরে সম্পূর্ণ করার জন্য।

রাজ্য সিনেটর লেরয় কমরি বলেছেন ""নিউ ইয়র্ক সব সময় সাহসী এবং উদ্ভাবনী ধারণার সাথে পথ দেখিয়েছে, এবং প্রায় 50 বছরের মধ্যে প্রথম পূর্ণ-সময়ের স্টেশনের আসন্ন সমাপ্তির সাথে, সেই উত্তরাধিকার এলমন্ট LIRR স্টেশনের সাথে অব্যাহত রয়েছে। কর্পোরেশন, কর্তৃপক্ষ এবং কমিশন কমিটির চেয়ারম্যান হিসাবে আমার মেয়াদকালে, আমি আমাদের রাজ্য জুড়ে পরিবহন পুনর্বিবেচনা করার জন্য MTA এবং তার সহযোগীদের ক্রমাগত চ্যালেঞ্জ করেছি। আমি এটা দেখে গর্বিত যে MTA/LIRR পুরো প্রক্রিয়া জুড়ে সরাসরি কমিউনিটি ইনপুটের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকার সাথে সেই দৃষ্টিভঙ্গিকে গ্রহণ করেছেন। আমাদের পরিবেশ রক্ষা করা, স্থানীয় এলাকাগুলির অখণ্ডতা এবং জীবনযাত্রার মান, যানজট উপশম করা, সম্পূর্ণ ADA অ্যাক্সেসিবিলিটি প্রদান করা এবং জনগণকে গণ পরিবহন ব্যবহার করতে উত্সাহিত করা, এই সমস্ত কিছুর মাপকাঠি হল সেই লক্ষ্য যা নতুন এলমন্ট স্টেশন আমাদের অর্জন করতে দেবে। আমি গভর্নর ক্যাথি হোচুল, MTA এর ভারপ্রাপ্ত চেয়ারপারসন এবং সিইও জানো লিবার এবং LIRR এর প্রেসিডেন্ট ফিল ইংকে আমার এবং আমার সহকর্মীদের পাশাপাশি কাজ করার জন্য তাদের সহযোগিতামূলক প্রচেষ্টার জন্য প্রশংসা করি, কিন্তু সব চেয়ে গুরুত্বপূর্ণভাবে সম্প্রদায়ের বাসিন্দাদের সাথে, নতুন স্টেশনটি সফল হতে দেখার জন্য।"

বিধানসভার সদস্য ক্লাইড ভ্যানেল বলেছেন, "সরকারী এবং বেসরকারী অংশীদারিত্ব যখন কাজ করে তার একটি দুর্দান্ত উদাহরণ এটি। নাসাউ কাউন্টি এবং কুইন্সে আমরা যে সমস্ত অর্থনৈতিক সুযোগ পাচ্ছি সে সম্পর্কে আমরা উত্তেজিত। ভবিষ্যতে এই ধরনের অংশীদার থাকা খুবই ভালো এবং শনিবার পর্যন্ত অপেক্ষা করতে আমাদের অসুবিধা হচ্ছে! আমি একজন সিজন টিকিট ধারক, টাই আমি উচ্ছাসিত!"

বিধানসভার সদস্য মাইকেল সোলেজ বলেন, "প্রায় 50 বছরের মধ্যে প্রথম নতুন পূর্ণ-সময়ের LIRR স্টেশন, নতুন এলমন্ট LIRR স্টেশন আনুষ্ঠানিকভাবে খুলতে দেখা উত্তেজনাপূর্ণ। বেলমন্ট পুনঃউন্নয়ন প্রকল্পের শুরু থেকে, আশেপাশের সম্প্রদায়ের বাসিন্দারা স্পষ্ট ছিলেন যে একটি ট্রেন স্টেশন এই প্রকল্পের একটি অত্যন্ত অপরিহার্য উপাদান ছিল। 21 শতকের পরিবহন পরিকাঠামোতে এই বিনিয়োগের কাজে সুবিধা করার জন্য আমরা গভর্নর ক্যাথি হোচুল এবং MTA-কে ধন্যবাদ জানাই। এই লং আইল্যান্ড রেল রোড উদ্যোগের ফলে দর্শক, যাত্রী এবং সম্প্রদায় সকলেই উপকৃত হবে।"

নিউ ইয়র্ক আইল্যান্ডারসের সহ-মালিক জন লেডেকি বলেন, "এই নতুন স্টেশনটি UBS এরিনায় ইভেন্টে যোগদানকারী হকি এবং সঙ্গীত অনুরাগীদের জন্য একটি অপরিহার্য পরিবহন বিকল্প প্রদান করবে। আমরা আমাদের অতিথিদের যখনই সম্ভব ট্রেন ব্যবহার করতে উৎসাহিত করি - এটি আমাদের নতুন, অত্যাধুনিক স্থানটিতে যাওয়ার দ্রুততম এবং সব চেয়ে ব্যবহারযোগ্য উপায়।"

স্টেশনটি সব চেয়ে ভিড়ের সময়ে প্রায় প্রতি আধঘণ্টা পরিষেবা পেতে এবং অফ-পিক সময়কালে প্রতি ঘন্টায় পরিষেবা পাবে বলে আশা করা হচ্ছে। বেলমন্ট রেসট্র্যাকের উত্তরের পার্কিং লট, যেখানে 2,860-টি স্থান আছে, তা যাত্রী এবং এরিনার পৃষ্ঠপোষকদের দ্বারা ভাগ করা হবে৷

যাতায়াতের বিকল্পসমূহ
একজন ব্যক্তি কোথা থেকে আসছেন তার উপর নির্ভর করে, UBS এরিনায় পরিষেবার জন্য তিনটি সম্ভাব্য স্টেশন রয়েছে। 2022 সালে এলমন্ট স্টেশনের পশ্চিমগামী প্ল্যাটফর্ম খোলা না হওয়া পর্যন্ত, ইভেন্টে যাওয়া এবং আসার রুটগুলি এক নাও হতে পারে। বিকল্পগুলি নিচে দেওয়া হয়েছে।

<u>ম্যানহাটন, ব্রুকলিন এবং কুইন্স (পেন স্টেশন, জ্যামাইকা, কিউ গার্ডেন, ফরেস্ট হিলস, উডসাইড) থেকে আসা গ্রাহকরা</u>

UBS এরিনাতে
বিকল্প 1
1. একটি হেম্পস্টেড-গামী ট্রেনে চড়ুন এবং **এলমন্ট স্টেশনে** প্রস্থান করুন।
2. UBS এরিনায় একটি বিনামূল্যের শাটল বাসে স্থানান্তর করুন বা হাঁটুন (10 মিনিট)।

বিকল্প 2
1. জ্যামাইকাতে থামা যে কোন পূর্বগামী ট্রেন ধরুন এবং জ্যামাইকা স্টেশন থেকে প্রস্থান করুন।
2. জ্যামাইকায় একটি বেলমন্ট পার্ক-গামী ট্রেনে চড়ুন এবং **বেলমন্ট পার্ক স্টেশনে** প্রস্থান করুন, যা UBS এরিনার সংলগ্ন।

UBS এরিনা থেকে
বিকল্প 1

1. সংলগ্ন **বেলমন্ট পার্ক স্টেশনে** হেঁটে যান।
2. জ্যামাইকায় যাওয়ার জন্য একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন (ইভেন্টের পরে ছেড়ে যাওয়ার জন্য নির্ধারিত দুটি ট্রেন) এবং পেন স্টেশন এবং আটলান্টিক টার্মিনালে পরিষেবার জন্য স্থানান্তর করুন৷

বিকল্প 2

1. একটি বিনামূল্যে শাটল বাস চড়ুন **কুইন্স ভিলেজ স্টেশনে** এবং পেন স্টেশন ও আটলান্টিক টার্মিনালে পরিষেবার জন্য একটি পশ্চিমগামী ট্রেনে স্থানান্তর করুন।

<u>পোর্ট জেফারসন শাখা এবং রনকনকোমা শাখার গ্রাহকরা</u>

UBS এরিনাতে

1. একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন এবং **কুইন্স ভিলেজ স্টেশনে** প্রস্থান করুন।
2. UBS এরিনায় একটি বিনামূল্যের শাটল বাসে স্থানান্তর করুন।

UBS এরিনা থেকে

বিকল্প 1

1. **কুইন্স ভিলেজ স্টেশন** পর্যন্ত একটি বিনামূল্যের শাটল বাসে চড়ুন।
2. পূর্বগামী হান্টিংটন/পোর্ট জেফারসন বা রনকনকোমা-গামী ট্রেন পরিষেবায় স্থানান্তর করুন।

বিকল্প 2

1. সংলগ্ন **বেলমন্ট পার্ক স্টেশনে** হেঁটে যান।
2. জ্যামাইকায় যাওয়ার একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন।
3. পূর্বগামী হান্টিংটন/পোর্ট জেফারসন বা রনকনকোমা-গামী ট্রেন পরিষেবার জন্য পরিবর্তন করুন।

হেম্পস্টেড শাখার স্টেশনগুলি থেকে গ্রাহকরা

UBS এরিনাতে

1. একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন এবং **কুইন্স ভিলেজ স্টেশনে** প্রস্থান করুন।
2. UBS এরিনায় একটি বিনামূল্যের শাটল বাসে স্থানান্তর করুন।

UBS এরিনা থেকে

1. এলমন্ট স্টেশন পর্যন্ত একটি বিনামূল্যের শাটল বাসে চড়ুন অথবা হাঁটুন (10 মিনিট)।
2. একটি পূর্বগামী হেম্পস্টেড-গামী ট্রেনে স্থানান্তর করুন।

<u>অয়েস্টার বে শাখার গ্রাহকরা</u>

UBS এরিনাতে

1. একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন এবং মিনেওলা স্টেশনে প্রস্থান করুন।

2. একটি পশ্চিমগামী বৈদ্যুতিক ট্রেনে স্থানান্তর করুন এবং **কুইন্স ভিলেজ স্টেশনে** প্রস্থান করুন।
3. UBS এরিনায় একটি বিনামূল্যের শাটল বাসে স্থানান্তর করুন।

UBS এরিনা থেকে
বিকল্প 1
1. **কুইন্স ভিলেজ স্টেশন** পর্যন্ত একটি বিনামূল্যের শাটল বাসে চড়ুন।
2. পূর্বগামী পোর্ট জেফারসন বা রনকনকোমা-গামী ট্রেন পরিষেবাতে স্থানান্তর করুন এবং মিনেওলায় প্রস্থান করুন।
3. একটি অয়েস্টার বে-গামী ট্রেনে স্থানান্তর করুন।

বিকল্প 2
1. সংলগ্ন **বেলমন্ট পার্ক স্টেশনে** হেঁটে যান।
2. জ্যামাইকায় যাওয়ার একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন।
3. পূর্বগামী অয়েস্টার বে শাখার পরিষেবার জন্য পরিবর্তন করুন।

<u>ব্যাবিলন, ফার রকওয়ে, মন্টাউক, লং বিচ এবং ওয়েস্ট হেম্পস্টেড শাখার গ্রাহকরা</u>

UBS এরিনাতে
বিকল্প 1
1. একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন এবং জ্যামাইকা স্টেশনে প্রস্থান করুন।
2. একটি হেম্পস্টেড-গামী ট্রেনে পরিবর্তন করুন এবং **এলমন্ট স্টেশনে** প্রস্থান করুন।
3. UBS এরিনায় একটি বিনামূল্যের শাটল বাসে স্থানান্তর করুন বা হাঁটুন (10 মিনিট)।

বিকল্প 2
1. একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন এবং জ্যামাইকা স্টেশনে প্রস্থান করুন।
2. একটি বেলমন্ট পার্ক-গামী ট্রেনে পরিবর্তন করুন এবং **বেলমন্ট পার্ক স্টেশনে** প্রস্থান করুন, যা UBS এরিনার সংলগ্ন।

UBS এরিনা থেকে
1. সংলগ্ন **বেলমন্ট পার্ক স্টেশনে** হেঁটে যান।
2. জ্যামাইকায় যাওয়ার একটি পশ্চিমগামী ট্রেনে চড়ুন।
3. আপনার গন্তব্যে যেতে পূর্বগামী ট্রেন পরিষেবায় পরিবর্তন করুন।

প্রবেশযোগ্যতা
বেলমন্ট পার্ক স্টেশন র‍্যাম্পের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য।
এলমন্ট স্টেশন র‍্যাম্পের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য।
কুইন্স ভিলেজ স্টেশন প্রতিটি প্ল্যাটফর্মের পূর্ব প্রান্তের লিফটের মাধ্যমে অ্যাক্সেসযোগ্য।

ভাড়া
LIRR গ্রাহকদের কর্মী সহ টিকিট জানলা, টিকিট মেশিন এবং বিনামূল্যের MTA ইটিক্স অ্যাপ থেকে এলমন্ট স্টেশন পর্যন্ত একটি রাউন্ড-ট্রিপ টিকিট কিনতে উৎসাহিত করে। আপনি যদি

হান্টিংটন/পোর্ট জেফারসন, রনকনকোমা, অয়েস্টার বে, বা হেম্পস্টেড শাখাগুলি থেকে যাতায়াত করেন তাহলে সরাসরি ভ্রমণ বিকল্পটি নির্বাচন করুন। আপনার মূল স্টেশন এবং 3টি স্টেশনের সবগুলিতে (বেলমন্ট পার্ক, এলমন্ট, কুইন্স ভিলেজ) কার্যকর রুটে টিকিট দেওয়া হবে, এমন কি যদি আপনাকে জ্যামাইকা হয়ে যাত্রা করতে হয় বা আপনার যাত্রা সম্পূর্ণ করতে বিনামূল্যের শাটল বাস পরিষেবা ব্যবহার করতে হয়।

যাদের মাসিক টিকিট আছে যার অন্তর্ভুক্ত ভাড়ার জোন 4, তারা তিনটি স্টেশনের যে কোনোটি দিয়ে এরিনাতে যাতায়াত করতে পারেন।

UBS এরিনায় আসন্ন ইভেন্টগুলি
UBS এরিনায় আসন্ন ইভেন্টগুলির সম্পূর্ণ তালিকার জন্য, এখানে ক্লিক করুন।

আরও তথ্যের জন্য
পরিষেবা-সম্পর্কিত প্রশ্নের জন্য, LIRR ট্রেইনটাইম অ্যাপের মাধ্যমে গ্রাহক পরিষেবা এজেন্টদের সাথে লাইভ চ্যাট করুন। একজন এজেন্টের সাথে কথা বলতে, 511 বা 718-217-LIRR (718-217-5477) এ কল করুন এবং প্রম্পট শুরু হলে "প্রতিনিধি" বলুন। স্বয়ংক্রিয় সময়সূচীর তথ্য ফোনের মাধ্যমে 24/7 উপলব্ধ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418